



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৯০৬৫

তারিখ : ১২-১১-২০২৪ খ্রি.

বিষয় : তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : ক) গত ০৪-১০-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৮৬তম সভার ৮৬ (২) নং আলোচ্যসূচির ১৭ নং ক্রমিকের সিদ্ধান্ত।

খ) প্রধান শিক্ষকের ১১-০৫-২০২৩ তারিখের অনলাইন আবেদন (আইডি-২১২৭৬)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৪-১০-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৮৬তম সভার ৮৬ (২) নং আলোচ্যসূচির ১৭ নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন মুন্সীগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়-এর সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক জনাব মোহাম্মদ আলী তরফদার-এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়াকপি সংযুক্ত:

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(ড. মোঃ কামরুজ্জামান)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

০২৪৭৭৬২৭০৫

উপজেলা নির্বাহী অফিসার

শ্যামনগর, সাতক্ষীরা

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৯০৬৫(৭)

তারিখ : ১২-১১-২০২৪ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

২। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।

৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা।

৪। সভাপতি, মুন্সিগঞ্জী মাধ্যমিক বিদ্যালয়, পূর্ব মুন্সিগঞ্জ, শ্যামনগর, সাতক্ষীরা।

৫। প্রধান শিক্ষক, মুন্সিগঞ্জী মাধ্যমিক বিদ্যালয়, পূর্ব মুন্সিগঞ্জ, শ্যামনগর, সাতক্ষীরা।

৬। জনাব মোহাম্মদ আলী তরফদার, সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক, মুন্সিগঞ্জী মাধ্যমিক বিদ্যালয়, পূর্ব মুন্সিগঞ্জ, শ্যামনগর, সাতক্ষীরা।

৭। অফিস কপি।

১২-১১-২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



মুন্সীগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়

স্থাপিতঃ ২০০২ইং, EIIN NO-১১৮৯৫৪, এম,পি ও কোড-৬১০৬০১১২০১, যশোর বোর্ড কোড-৫০৬৪
মোবাইলঃ ০১৭১৫-৭৪৩০৯১, Email: munshigonj.edu@gmail.com
ডাকঘর-পূর্ব মুন্সীগঞ্জ, উপজেলা-শ্যামনগর, জেলা-সাতক্ষীরা।



সূত্র- *শুভসংসি ২৯/১৬*

তারিখ- ১১/০৫/১৬

বরাবর
চেয়ারম্যান
আপিল এন্ড আরবিট্রেশন কোর্ট
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয়ঃ মুন্সীগঞ্জ মাধ্যমিক বিদ্যালয় (EIIN NO - ১১৮৯৫৪) এর সহকারী শিক্ষক(বাংলা)

জনাব মোহাম্মদ আলী তরফদার কে বরখাস্তের অনুমতি প্রার্থনা।

জনাব,
উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে বিনয়ের সহিত জানাইতেছি যে, মুন্সীগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়, ডাকঃ পূর্ব মুন্সীগঞ্জ, উপজেলাঃ শ্যামনগর, জেলাঃ সাতক্ষীরা নিম্ন স্বাক্ষরকারী প্রধান শিক্ষক। অত্র বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বাংলা) জনাব মোহাম্মদ আলী তরফদার (০১৭০৯-৮৯০৫২০) বিনা ছুটিতে বিগত ইং ২৬/০৯/২০১৯ তারিখ হইতে একাধারে অনুপস্থিত থাকায় বিদ্যালয় ম্যানেজিং কমিটির ০৩/১১/২০২২ তারিখের সিদ্ধান্ত মোতাবেক তাকে বিগত ইং ১৭/১১/২০২২ তাং থেকে পরপর ০৫টি কারণ দর্শানোর নোটিশ রেজিস্ট্রি ডাকযোগে পাঠাই। কিন্তু কোন নোটিশের জবাব না পাওয়ায় বিদ্যালয় ম্যানেজিং কমিটির বিগত ইং ২৯/০১/২০২৩ তারিখের সিদ্ধান্ত মোতাবেক তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। গঠিত তদন্ত কমিটির ইং ১৪/০৩/২০২৩ তারিখে তদন্ত প্রতিবেদন পাওয়ার পর বিদ্যালয় ম্যানেজিং কমিটির বিগত ইং ২০/০৩/২০২৩ তারিখের সিদ্ধান্ত মোতাবেক তাহাকে অত্র বিদ্যালয় হইতে বরখাস্ত করার বিষয়টি সদয় বিবেচনা অনুমতির জন্য চেয়ারম্যান, আপিল এন্ড আরবিট্রেশন কোর্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর বরাবর আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অতএব, জনাব বিষয়টি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার শরণাপন্ন হলাম।

সংযুক্তিঃ

১. কারণ দর্শানোর রেজুলেশান।
২. কারণ দর্শানোর নোটিশ ০৫টি।
৩. তদন্ত কমিটি গঠনের রেজুলেশান।
৪. উক্ত শিক্ষকের বর্তমান কর্মস্থলের নিবাহী পরিচালকের প্রত্যয়ন পত্র।
৫. তদন্ত কমিটির প্রতিবেদন।
৬. উক্ত শিক্ষকের বরখাস্তের রেজুলেশান।
৭. এমপিও শীটের কপি।

আপনার বিশ্বস্ত

বাসুদেব চন্দ্র মাঝি
(বাসুদেব চন্দ্র মাঝি) ১১/০৫/১৬

প্রধান শিক্ষক/সম্পাদক

মুন্সীগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়

ডাক-পূর্ব মুন্সীগঞ্জ, শ্যামনগর, সাতক্ষীরা।

বাসুদেব চন্দ্র মাঝি

প্রধান শিক্ষক/সম্পাদক

ইনডেক্স নং-১১২৭৭০২

মুন্সীগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়

ডাকঃ পূর্ব মুন্সীগঞ্জ, শ্যামনগর, সাতক্ষীরা